



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং - ৩৭. ১৪. ৯১০০. ০০০. ৩০০. ৪৯. ০০০১. ১৯. ১০৬৩

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১  
১৩ মার্চ ২০২৫

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতায় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২১ বা পরবর্তী বছরসমূহে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে অকৃতকার্য ঐ এক বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতীত) ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আগামী ২০/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা সাপেক্ষে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করা যাবে।

১. রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি;
২. সর্বশেষ এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের টেবুলেশন শীটের অনুলিপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
৩. সর্বশেষ এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্রের অনুলিপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
৪. রেজিস্ট্রেশন নবায়নের জন্য নির্ধারিত ফি প্রদানের প্রমাণপত্র।

উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড নবায়ন ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

২৩/০৩/২৫

অধ্যক্ষ

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৫। সংরক্ষণ নথি।